# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 23.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) ডিভিসি ফের জল ছাড়লে রাজ্যে নতুন করে বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে আশঙ্কা প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রশাসনকে সতর্ক করে দিয়েছেন। তিনি আজ পূর্ব বর্ধমান ও বাঁকুড়ার বড়জোড়ায় বন্যা পরিস্থিতি খতিয়ে দেখেন, দুর্গতদের হাতে তুলে দেন ত্রাণ সামগ্রীও।

২) রাজ্য সরকার ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে মানুষের সঙ্গে প্রতারণা করেছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। তিনি আজ ঘাটালে বন্যা কবলিত এলাকা পরিদর্শন করে ত্রাণ বিতরণ করেন।

৩) জোড়া ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও পার্শ্ববর্তী এলাকায় নিম্নচাপের জেরে রবিবার পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

৪) আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় সিবিআই আজ পানিহাটির তৃণমূল কংগ্রেস বিধায়ক, পুরসভার কাউন্সিলার ও ময়নাতদন্তকারী চিকিৎসককে জিজ্ঞাসাবাদ করে।

নির্যাতিতার বাবা-মা দাবি করেছেন, ময়নাতদন্ত নিয়ে তারা কোন তড়িঘড়ি করেনি।

৫) আই এস এল ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গণে মোহনবাগান সুপার জায়েন্ট, নর্থ-ইস্ট ইউনাইটেড এফ সি-র মুখোমুখি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডিভিসি ফের জল ছাড়লে রাজ্যে নতুন করে বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে আশঙ্কা প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রশাসনকে সতর্ক করে দিয়েছেন। বন্যা কবলিত পূর্ব বর্ধমান সফরকালে তিনি আজ বৃষ্টির মধ্যেই দুর্গাপুর ব্যারেজ সংলগ্ন সীতারামপুর মানা এলাকায় দুর্গতদের সঙ্গে দেখা করেন, তাদের হাতে তুলে দেন ত্রাণ সামগ্রী। পরে দুর্গাপুর যুব আবাসে সাংবাদিকদের বলেন, বন্যায় যাদের মাটির বাড়ি ভেঙে গেছে, তারা যাতে সরকারী প্রকল্পে বাড়ি পায় তা নিশ্চিত করার পাশাপাশি বানভাসিদের পর্যাপ্ত ত্রাণ পৌঁছে দেওয়ার বিষয়টিও সুনিশ্চিত করতে হবে। আপৎকালীন পরিস্থিতিতে ত্রাণ শিবিরগুলি চালু রাখারও নির্দেশ দেন তিনি।

অন্যদিকে, বর্ধমানের জেলাশাসকের দফতরে সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতির পর্যালোচনা করেন মুখ্যমন্ত্রী। বৈঠক শেষে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, গঙ্গা অ্যাকশন প্ল্যান, ফ্লাড কন্ট্রোল ও ডিভিসি, কেন্দ্রের অধিনস্ত এই তিনটি সংস্থা সঠিক কাজ না করায় লক্ষ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। নষ্ট হচ্ছে ফসল। রাজ্যে বন্যা পরিস্থিতির জন্য আরও একবার ডিভিসিকে দায়ী করে মমতা বলেন –

(বাইট – মুখ্যমন্ত্রী)

যাদের জমির ফসল নষ্ট হয়েছে, তাদের দ্রুত শস্য বীমার টাকা মিটিয়ে দেওয়ারও নির্দেশ দিয়েছেন তিনি। পাশাপাশি দলের নেতা কর্মীদের কুৎসায় কান না দিয়ে বন্যাকবলিত মানুষের পাশে দাঁড়াতেও তিনি আহ্বান জানিয়েছেন।

বর্ধমান থেকে তিনি যান লাগোয়া বাকুড়ার বড়জোড়া এলাকায়। সেখানে ত্রাণ শিবিরে দুর্গতদের সঙ্গে কথা বলেন মুখ্যমন্ত্রী। আজ দুর্গাপুর সার্কিট হাউসে রাত্রিবাসে পর আগামীকাল বোলপুরে তাঁর প্রশাসনিকসভা করার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে মানুষের সঙ্গে প্রতারণা করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ ঘাটালে বন্যা কবলিত এলাকা পরিদর্শন করে খাবার ও ত্রাণ বিতরণ করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন,মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং পূর্বতন বাম সরকারের জন্য ঘাটাল মাস্টার প্ল্যান বাস্তবায়িত হয়নি। মুখ্যমন্ত্রীর সদিচ্ছা থাকলে সাড়ে তেরো বছরেই তিনি এই মাস্টার প্ল্যান এর কাজ সম্পূর্ণ করতেন।

( বাইট – শুভেন্দু)

বিরোধী দলনেতা আরও অভিযোগ করেন,বিগত সাত দিন ধরে ঘাটাল জলমগ্ন হয়ে রয়েছে। তা সত্ত্বেও রাজ্য সরকারের কোন ভূমিকা দেখা যায়নি।ঘাটালের এই পরিস্থিতির জন্য তৃণমূল কংগ্রেস সরকারকেই মানুষের কাছে জবাব দিতে হবে । পাশাপাশি শ্রী অধিকারী ঘাটালের সাংসদ দেবের সমালোচনা করেন।

এদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ পাল্টা দাবী করেছেন , বন্যা নিয়ন্ত্রণে ঘাটাল মাস্টার প্ল্যান এর বাস্তবায়ন কেন্দ্রের করার কথা। কিন্তু কেন্দ্র তা করছে না। প্রাকৃতিক বিপর্যয় ও বন্যা প্রতিরোধ প্রকল্পে অন্য রাজ্যকে টাকা দিলেও বাংলাকে কেন্দ্র টাকা দেয়নি। সেই কাজ এখন রাজ্যকেই করতে হচ্ছে। রাজ্যের বকেয়া পাওনা কেন্দ্র দিচ্ছে না বলেও কুনাল বাবুর অভিযোগ ।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির কথা উল্লেখ করে নবনির্বাচিত প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার আজ দলের জেলা ,ব্লক স্তরের নেতাকর্মীদের সাধ্যমত ত্রাণ বন্যা দুর্গতদের হাতে পৌঁছে দেওয়ার আবেদন জানিয়েছেন। প্রদেশ কংগ্রেসের তরফ থেকে আজ এক বিবৃতিতে এ কথা জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও দক্ষিণ মায়ানমার উপকূলে সৃষ্ট দুটি ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও পার্শ্ববর্তী এলাকায় নিম্নচাপ ক্ষেত্র তৈরি হবার সম্ভাবনা। এর জেরে আগামী রবিবার ২৯-শে সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কিছু কিছু জায়গায় ভারী বৃষ্টিরও পূর্বাভাষ রয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, আগামীকাল দুই ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া, হুগলী ও ঝাড়গ্রামে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সঙ্গে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

(বাইট – সোমানাথ)

এদিকে, অসহ্য ভ্যাপসা গরমে নাজেহাল দক্ষিণবঙ্গের মানুষ। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৩০ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক ৬ ডিগ্রী বেশি। সর্বোচ্চ তাপামাত্রাও ছিল ৩৩ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় ১ দশিক চার ডিগ্রী ওপরে।

অন্যদিকে, উত্তরবঙ্গেও অস্বাভাবিক গরমের প্রেক্ষিতে বিজেপি-র মুখ্য সচেতক, শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ, স্কুলের সময় বদলের জন্য শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে চিঠি লিখেছেন। গরমের এই দাপট না কমা পর্যন্ত আগামী কয়েকদিন সকাল আটটা থেকে ১১-টা পর্যন্ত স্কুল চালানোর জন্য তিনি এই চিঠিতে আর্জি জানিয়েছেন।

উল্লেখ্য, গত ৩০ বছরের রেকর্ড ভেঙে দার্জিলিং-এ গতকাল তাপমাত্রা ২৮ ডিগ্রী ছাড়িয়ে যায়। শিলিগুড়িতে আজ তাপমাত্রা ছিল ৩৯ ডিগ্রীর আশেপাশে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় CBI আজ পানিহাটির তৃণমূল কংগ্রেস বিধায়ক **নির্মল ঘোষ**কে CGO কমপ্লেক্সে জেরা করে। প্রায় সাড়ে সাত ঘণ্টা চলে এই জিজ্ঞাসাবাদ পর্ব। সিজিও কমপ্লেক্স থেকে বেরনোর সময়

বিধায়ক জানান, তিনিও এই ঘটনায় ন্যায় বিচার চান। সিবিআই ডাকলে আবারও তিনি হাজিরা দেবেন।

৯-ই আগস্ট ওই তরুণী চিকিৎসকের খুনের ঘটনা প্রকাশ্যে আসার দিন সকালে নির্মল ঘোষ, RG Kar-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের সঙ্গে বৈঠক করেন বলে খবরে প্রকাশ।

মর্গের সামনেও তাকে দেখা যায়। এমনকি তড়িঘড়ি শেষকৃত্যেও ওই বিধায়কের বড় ভূমিকা ছিল বলে অভিযোগ।

এদিকে, পানিহাটি পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সোমনাথ দে-কেও আজ তলব করে সিবিআই।

ময়না তদন্তকারী চিকিৎসক অপূর্ব বিশ্বাসকে গতকালের পর আজও সিজিও কমপ্লেক্সে তলব করা হয়। সন্ধে ৭-টা নাগাদ জেরা শেষে বেরোন তিনি।

উল্লেখ্য, চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ভয়ঙ্কর ঘটনা ধামাচাপা দেবার চেষ্টা নিয়ে সন্দেহ আরো জোরালো হয়ে উঠেছে। গতকাল সাংবাদিকদের তিনি জানান, দ্রুত ময়নাতদন্ত শেষ করার জন্য চাপ দেওয়া হয়েছিল তাঁকে।

এদিকে, নির্যাতিতার বাবা-মা দাবি করেছেন, পানিহাটি পুরসভার প্রাক্তন কাউন্সিলার সঞ্জীব মুখোপাধ্যায় তাদের প্রতিবেশী হওয়ায় মেয়ের মৃত্যু খবর পেয়ে তাঁরা তাঁকে হাসপাতালে আসতে বলেছিলেন। তবে, মেয়ের ময়নাতদন্ত নিয়ে কোন চিকিৎসকের সঙ্গে তাঁকে কথা বলতে বলেননি তারা। আজ বিকেলে সাংবাদিকদের নির্যাতিতার বাবা-মা বলেন,

( বাইট – বাবা)

বর্তমান কাউন্সিলার সোমনাথ দে-কেও তারা হাসপাতালে যেতে বলেছিলেন। তবে, ময়নাতদন্ত নিয়ে কোন তড়িঘড়ি ছিল না। মেয়ের দেহ তারা দাহ করতে চাননি। পানিহাটির শ্মশানের নথিতে সঞ্জীবের সই নিয়েও তারা কিছু জানেন না। তবে, তিনি ও সঞ্জীববাবু মিলেই টালা থানায় এফ আই আর করেছিলেন বলে নির্যাতিতার বাবা জানিয়েছেন।

সুপ্রিম কোর্টে শুনানির দিন পিছিয়ে যাওয়া নিয়ে কোন মন্তব্য না করলেও সিবিআই তদন্তে তাদের সম্পূর্ণ ভরসা আছে বলেও জানিয়েছেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টে আর জি কর মামলার শুনানি আবার পিছিয়ে গেছে। ২৭শে সেপ্টেম্বর, এই মামলার শুনানি থাকলেও, সেই তারিখ পিছোচ্ছে। সংবাদ সংস্থা হিন্দুস্থান সমাচারের তথ্য অনুযায়ী, আগামী সোমবার, ৩০ সেপ্টেম্বর আর জি কর মামলার শুনানি হবে বলে জানিয়েছে সুপ্রিম কোর্ট।

০০০০০০০০০০০০০০০০০০০

আরজি করে আর্থিক দুর্নীতি মামলায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-সহ চার জনের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত। আগামী ৭ই অক্টোবর পর্যন্ত জেলেই থাকবেন তাঁরা। আজ সন্দীপ-সহ আরজি করে আর্থিক দুর্নীতি মামলায় ধৃত চার জন কে তোলা হয় আলিপুরে সিবিআই এর বিশেষ আদালতে। সেখানেই চার জনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক সুজিত কুমার ঝা।

০০০০০০০০০০০০০০০০০০০

আরজিকরের ঘটনার প্রতিবাদে ও মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি মহিলা মোর্চা আজ সারা রাজ্যে থানা শুদ্ধিকরণ কর্মসূচি পালন করে।

উত্তর কলকাতায় মানিকতলায় ডি সি নর্থ-এর কার্যালয় শুদ্ধিকরণ কর্মসূচি পালন করে। দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় এই কর্মসূচিতে অংশ নেন। তিনি বলেন,তথ্য প্রমাণ লোপাট এবং থ্রেট কালচারকে উৎসাহ দেওয়া পুলিশের কাজ নয়। পুলিশের কাজ মানুষকে সুরক্ষা দেওয়া এবং আইনকে আইনের মত ব্যবহার করা। পুলিশ মুখ্যমন্ত্রীর দলদাস হয়ে কাজ করার পরিবর্তে পুলিশের মত কাজ করুক বলে শ্রীমতি চট্টোপাধ্যায় দাবি করেন। এর জন্য আজ ঝাঁটা এবং গঙ্গাজল নিয়ে তারা পুলিশের শুদ্ধিকরণ করছেন। অন্যদিকে বেহালা থানায় এই কর্মসূচিতে অংশ নেন বিধায়ক অগ্নিমিত্রা পাল।

পুরুলিয়া, শিলিগুড়ি, হাওড়া, কোচবিহারের কোতোয়ালি, তুফানগঞ্জ, নদীয়া, সহ বিভিন্ন জেলার থানার সামনে শুদ্ধিকরণ কর্মসূচী পালিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

সিউড়ি জেলা আদালত ৪৪ বছর আগে বীরভূমের ময়ূরেশ্বরে ৯'যুবককে খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ১৩ জনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে। অতিরিক্ত জেলা দায়রা আদালতের বিচারক প্রত্যেককে পাঁচ হাজার টাকার জরিমানাও ধার্য করেছেন। আনাদায়ে আরও এক মাস জেল হেফাজতের নির্দেশ।

এছাড়াও বাড়িতে আগুন লাগানোর ঘটনাতেও প্রত্যেককে ৭ বছরের কারাদন্ড এবং পাঁচ হাজার টাকা জরিমানা ধার্য করেছে বিচারক। অনাদায়ে আরও এক মাস সাজা ভোগ করতে হবে।

উল্লেখ্য, ১৯৮১ সালের ৮'ই আগস্ট গোষ্ঠীদ্বন্দ্বের জেরে কোট গ্রামে একই পরিবারের ৬'জন সহ ৯'জনকে নৃশংসভাবে খুন করা হয়। ওই ঘটনায় ৭২ জনের নামে লিখিত অভিযোগ দায়ের হয়েছিল। এর মধ্যে ৫২ জন জীবিত আছেন।

দেরীতে হলেও, অবশেষে ন্যায় বিচার পাওয়ায় মৃতদের পরিবার সন্তোষ প্রকাশ করেছে।

উল্লেখ্য, ওই গ্রামে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানকে কেন্দ্র করে দুটি গোষ্ঠীর মধ্যে বচসা ও হাতাহাতি বাধে। একটি গোষ্ঠীর ৯' যুবক যে ঘরে আশ্রয় নিয়েছিল, সেই ঘরে আগুন ধরিয়ে দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারি কর্মী দের জন্য কেন্দ্র যে ইউনিফাইড পেনশন স্কিম চালু করেছে, তাতে যে সমস্ত সরকারি কর্মী, যারা ২০০৪ সালের পর চাকরিতে যোগ দিয়েছেন তাঁরাও উপকৃত হবেন।

পূর্ব রেলের জনসংযোগ বিভাগের সিনিয়র পাবলিসিটি ইন্সপেক্টর প্রীতম চট্টোপাধ্যায় জানালেন..

(বাইট )

oooooooooooooooooooooo

আইএসএল ফুটবলে আজ যুব ভারতী ক্রীড়াঙ্গনে , মোহনবাগান সুপার জায়ান্ট, নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি, র মুখোমুখি । একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলার ফল এক এক ।

ooooooooooooooooooooo